

কালের কণ্ঠ

বেরোবিতে নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণের মতবিনিময় সেমিনার

রংপুর অফিস

১১ সেপ্টেম্বর, ২০১৮ ২১:৫২ | পড়া যাবে ২ মিনিটে



অ- অ অ+

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণের মতবিনিময় সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস-এর আয়োজনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাস রুমে এই সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে মূখ্য আলোচক ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস-এর গবেষণা সমন্বয়ক মুহাম্মদ বদিউজ্জামান।

অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, উদ্যোক্তা বিশেষজ্ঞ পারভিন এস হুদা, সিনিয়র রিসার্চ অ্যাসোসিয়েট মাহবুব উর রহমান, গবেষণা সহযোগী ও প্রোগ্রাম অফিসার জিয়া উদ্দিন এবং গবেষণা সহকারী সৈয়দ সিহান সাজিদ।

এ ছাড়া বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল-এর প্রভোস্ট তাবিউর রহমান প্রধান, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগের সহকারী প্রশাসক ও ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান আসিফ আল মতিন, বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আতিউর রহমান, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান দেলোয়ার হোসেন এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় প্রধান ড. এমদাদুল হক।

এ ছাড়াও নতুন শিক্ষকদের মাঝে উপস্থিত ছিলেন, সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সোহেলা মুস্তারী, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক আমিনুল ইসলাম, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক রহমতুল্লাহ, ইংরেজি বিভাগের প্রভাষক মুশরিফুর জিলানী, ইতিহাস ও প্রত্নতত্ত্ব বিভাগের প্রভাষক সোহাগ আলী, জেসমিন নাহার ঝুমুর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক নাজমা আক্তার এবং ইইই বিভাগের এ কে এম মাহমুদুল হক প্রমুখ।

অর্থনীতি বিভাগের প্রভাষক কাজী নেওয়াজ মোস্তফার সঞ্চালনায় অনুষ্ঠিত সেমিনারে অংশ নেয় বিভিন্ন বিভাগের ৩৯জন নারী শিক্ষার্থী। নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণে অংশ নিতে শিক্ষার্থীদের আগ্রহী করাই ছিল এই সেমিনারের মূল লক্ষ্য। আগ্রহী শিক্ষার্থীদের আবেদন গ্রহণ এবং মনোনয়নের পর তাদের পরবর্তী প্রশিক্ষণ দেওয়া হবে।

উল্লেখ্য, এর আগে শিক্ষার্থীরা ব্র্যাক লার্নিং সেন্টারেও এই জাতীয় প্রশিক্ষণের বিষয়ে মতামতে অংশ নেয়। গত ৫ জুলাই ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিচ এ্যান্ড জাস্টিস-এর সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। তারই অংশ হিসেবে এই প্রশিক্ষণ।



মন্তব্য